

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা - ১২০৭
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নং- ৮০.০০.০০০০.১১৩.০১১.০৭.২০১৫/২০১৬

তারিখ : ০১ শ্রাবণ, ১৪২৪ বঙ্গাব্দ
১৬ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় : প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর “সরাসরি কোটায় - ৫টি”
অধ্যক্ষ পদে নিয়োগের লক্ষ্যে BPS Form-3 (মূল আবেদনপত্র) জমাদান প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর অধ্যক্ষ পদে সরাসরি পন্থায় জনবল নিয়োগের লক্ষ্যে গত ২২/০৫/২০১৬ তারিখ হতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক অনলাইন-এ দরখাস্ত আহবান করা হয়।

২. উক্ত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে উল্লিখিত পদসমূহে অনলাইনে যারা আবেদন করেছেন তারা কমিশনের ওয়েবসাইট (www.bpsc.gov.bd) থেকে BPS Form-3 (মূল আবেদনপত্র) ডাউনলোড করে যথাযথভাবে পূরণপূর্বক শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র, অভিজ্ঞতার সনদপত্র ও নম্বরপত্র (গ্রেড/শ্রেণি নির্ধারণের ক্ষেত্রে) এবং BPS Form-3 এর নির্ধারিত স্থানে প্রার্থীদেরকে ১ কপি ছবি আঠা দিয়ে লাগিয়ে ছবির উপরে সত্যায়ন করতে হবে এবং Form এর নির্ধারিত স্থানে জাতীয় পরিচয়পত্রের নম্বর উল্লেখ করতে হবে। আবেদনপত্র আগামী ২০.০৭.২০১৭ থেকে ১০.০৮.২০১৭ তারিখ পর্যন্ত প্রতি কর্ম দিবসে সকাল ১০.০০ টা থেকে বিকাল ৪.০০ টার মধ্যে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, প্রধান কার্যালয় আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা - ১২০৭-এ সরাসরি জমা দেওয়া যাবে অথবা ডাকযোগে (রেজিস্ট্রেশনকৃত প্রবেশপত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে) প্রেরণ করা যাবে। BPS Form-3 সরাসরি জমাদান কালে সংশ্লিষ্ট পদে রেজিস্ট্রেশনকৃত প্রবেশপত্র প্রার্থীদেরকে প্রদর্শন করতে হবে। আবেদনপত্র (BPS Form-3) ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে পরিচালক (ইউনিট- ১৩), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা - ১২০৭, বরাবর প্রেরণ করতে হবে। উল্লিখিত তারিখের মধ্যে মূল আবেদনপত্র প্রার্থী সরাসরি/ডাকযোগে জমা দিতে ব্যর্থ হলে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবেন না অর্থাৎ তাঁর প্রার্থীতা বাতিল হিসেবে বিবেচিত হবে।

৩. এ সংক্রান্ত বিস্তারিত তথ্য বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েবসাইটে (www.bpsc.gov.bd) পাওয়া যাবে।

পড়াশোনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।

চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
(যুগ্ম-সচিব)